# হাদি হত্যা মামলায় দায় স্বীকার করলেন ফয়সালের ঘনিষ্ঠ রুবেল



অভিযুক্ত রুবেল: ছবি: সংগৃহীত

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান বিন হাদি হত্যা মামলায় প্রধান আসামি ফয়সাল করিম মাসুদের ঘনিষ্ঠ সহযোগী ফয়সাল রুবেল আহমেদ আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

রোববার (১ ফেব্রুয়ারি) প্রসিকিউশনের এসআই রুকনুজ্জামান জানান, দুই দফায় মোট ৯ দিনের রিমান্ড শেষে শনিবার তাকে আদালতে হাজির করা হয়। মামলার তদন্ত কর্মকর্তা সিআইডি ঢাকা মেট্রো পূর্ব বিভাগের সহকারী পুলিশ সুপার আবদুর কাদির ভূঁঞা রুবেলকে আদালতে উপস্থাপন করেন।

স্বেচ্ছায় জবানবন্দি দিতে সম্মত হওয়ায় তা রেকর্ডের আবেদন করেন তদন্ত কর্মকর্তা। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. মাহবুবুর রহমান তার জবানবন্দি নথিভুক্ত করেন। পরে তাকে কারাগারে পাঠানো হয়।

এর আগে ২১ জানুয়ারি গভীর রাতে দক্ষিণ কেরানীগঞ্জের আটি নয়াবাজার এলাকা থেকে ডিবি পুলিশের সহায়তায় সিআইডি রুবেলকে গ্রেপ্তার করে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল ঘোষণার পরদিন ১২ ডিসেম্বর দুপুরে রাজধানীর বিজয়নগরের পুরানা পল্টনের বক্স কালভার্ট রোডে মোটরসাইকেলে আসা দুর্বৃত্তের গুলিতে আহত হন ওসমান হাদি।

প্রথমে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এবং পরে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ১৮ ডিসেম্বর তার মৃত্যু হয়।